

**টাকার প্যাকেট স্টেপল করা হলে ব্যাংককে শাস্তি দেওয়া
হতে পারে: আর-বি-আই**

ভারতীয় রিজার্ভ ব্যাংক পুনরাবৃত্তি করেছেন যে নোটের প্যাকেট স্টেপল করা সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হয়েছে এবং কোনও ব্যাংক অথবা ব্যাংক শাখা নোটের প্যাকেট স্টেপল করা অবস্থায় দেবেন না বা গ্রহণ করবেন না। ভারতের রিজার্ভ ব্যাংক আরও বলেছেন যে কোনও সময় যদি দেখা যায় কোন ব্যাংক বা ব্যাংক শাখা স্টেপল করা অবস্থায় নোটের প্যাকেট দিচ্ছেন বা গ্রহণ করছেন, সেই ব্যাংককে বা ব্যাংক শাখাকে ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯-এর বিদ্যমান শর্ত অনুযায়ী দন্ড দেওয়া হতে পারে।

গত বছর ভারতীয় রিজার্ভ ব্যাংক ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯-এর ধারা ৩৫এ অনুসারে আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলি সহ সমস্ত বাণিজ্যিক ব্যাংকগুলিকে নির্দেশ দিয়েছিলেন নোটের প্যাকেট স্টেপল করা বন্ধ করতে এবং সেগুলিকে কাগজের ব্যান্ড দিয়ে আটকাতে। রিজার্ভ ব্যাংক আরও বলেছিলেন যে ব্যাংক যেন জনসাধারণকে পরিস্কার নোট দেয় এবং নোটের জলছবির উপর কোনও কিছু লেখা বন্ধ করে। তবুও, জনসাধারণের কাছ থেকে রিজার্ভ ব্যাংক অভিযোগ পেয়েছেন যে শহরের সমবায় ব্যাংক, রাজ্য সমবায় ব্যাংক ও জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাংকগুলি সহ কিছু ব্যাংক/ব্যাংক শাখা এখনও স্টেপল করা অবস্থায় নোট দিচ্ছেন ও গ্রহণ করছেন। নোটগুলিকে নষ্ট করা ছাড়াও, স্টেপল করলে নোট খুব তাড়াতাড়ি খারাপ হয়ে যায়, এবং গ্রাহকদের পক্ষে নোটগুলি সহজে খোলা সম্ভব হয় না।

আলপনা কিন্নাওয়াল
চীফ জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি : 2003-2004/841